

AP-2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১১২.০১১.০০.০০.০২১.২০১৬-২১

তারিখঃ ৩০.১.২০১৭

বিষয় : রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের চিকিৎসা বিভাগে হাসপাতালসমূহের 'ব্যাঙ্করিওলজিস্ট' এবং 'রেডিওলজিস্ট' পদে সরাসরি নিয়োগের জন্য মৌখিক পরীক্ষা অনুষ্ঠান প্রসংগে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের চিকিৎসা বিভাগে হাসপাতালসমূহের 'ব্যাঙ্করিওলজিস্ট' এবং 'রেডিওলজিস্ট' পদে সরাসরি নিয়োগের জন্য নিম্নবর্ণিত রেজিঃনম্বরধারী প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবেঃ

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	পদের নাম ও রেজিঃ নম্বর
২৭.০২.২০১৭ সকাল ১০:৩০ টায়	ব্যাঙ্করিওলজিস্ট : রেজিঃ নম্বর-০০০০৭৬, ২০০০৩১ = ০২ জন রেডিওলজিস্ট : রেজিঃ নম্বর- ০০০০৭৬ = ০১ জন

- ২। প্রার্থী চাকরির হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্র অবশ্যই মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে। এছাড়া শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সকল সনদের মূল কপি সাক্ষাৎকার বোর্ডে প্রদর্শন করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।
- ৩। মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের নিকট কমিশন হতে কোনো আলাদা সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েবসাইটঃ www.bpsc.gov.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ছাড়া কোনো প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- ৪। কোনো প্রার্থী নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত থাকতে ব্যর্থ হলে উক্ত প্রার্থীর মৌখিক পরীক্ষা আর গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, মৌখিক পরীক্ষার তারিখ কোনোক্রমেই পরিবর্তন করা যাবে না।
- ৫। বিপিএসসি ফরম-৩ ডাউনলোড করে ০১ কপি পূরণপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রের সত্যায়িত ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।
- ৬। মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) প্রার্থীর ক্ষেত্রে মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগযন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়াও নিষিদ্ধ।
- ৭। মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত: আধা ঘণ্টা (৩০ মিঃ) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে।
- ৮। কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

- পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করণ;
- চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)

নং-৮০.১১২.০১১.০০.০০.০২১.২০১৬-২১(২৬)

তারিখঃ ৩০.১.২০১৭

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার) অত্র কমিশন সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, অত্র কমিশন সচিবালয় (বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট-এ আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতিতে আনয়নের জন্য)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব(সচিব মহোদয়ের সদয় অবগতিতে আনয়নের জন্য)।
৫. জনসংযোগ কর্মকর্তা, সরকারী কর্ম কমিশন সচিবালয়(বিজ্ঞপ্তিটি সকল সংবাদ মাধ্যমে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো)।
৬. বিজ্ঞ সদস্য-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০,১১,১২,১৩-এর ব্যক্তিগত কর্মকর্তা (সদস্য মহোদয়ের সদয় অবগতিতে আনয়নের জন্য)।
৭. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা(অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতিতে আনয়নের জন্য)।

(রওশন আরা জামান)
পরিচালক (ইউনিট-১২)